



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২০-৪৬০

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

জরুরী বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রায় সকল সেবা অনলাইনে সম্পন্ন করে আসছে। যে সকল সেবা ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হচ্ছে সে সকল সেবা স্ব-শরীরে গ্রহণের ক্ষেত্রে করোনা সংক্রমণ থেকে রক্ষা পেতে এবং অনাকাঙ্ক্ষিত জটিলতা এড়াতে বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা প্রধান ও আগত সেবা প্রত্যাশীদের অবগতি ও দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করে সেবা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সেবা প্রত্যাশীদের জন্য পালনীয় নির্দেশনাসমূহ:

১. মাস্ক পরিধান করে বোর্ডে প্রবেশ এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। মাস্ক পরিধান ব্যতীত কোন সেবা প্রদান করা হবে না (No Mask, No Service);
২. মাদ্রাসা প্রধান বোর্ডে সেবা গ্রহণের জন্য আসলে অবশ্যই মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি কর্তৃক অনুমতিপত্র/কমিটি না থাকলে বেতন-ভাতা বিলে স্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন/স্বাক্ষর থাকতে হবে;
৩. অনিবার্য কারণে মাদ্রাসা প্রধান সেবার জন্য বোর্ডে আসতে না পারলে তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধিকে আবেদনপত্র দিয়ে পাঠাতে পারবেন, সেক্ষেত্রে মাদ্রাসা প্রধান ও সভাপতি কর্তৃক স্বাক্ষরিত অনুমতিপত্র থাকতে হবে;
৪. বোর্ড ক্যাম্পাসে অবস্থানকালীন সেবাগ্রহীতাকে স্ব-স্ব প্রতিষ্ঠানের আইডি কার্ড পরিধান করতে হবে;
৫. সেবা প্রাপ্তির পর কোনরূপ বিলম্ব না করে বোর্ড ক্যাম্পাস ত্যাগ করতে হবে;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১৭.১১.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১৭.১১.২০২০

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে:

১. সভাপতি, বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসার পরিচালনা কমিটি;
২. অধ্যক্ষ/সুপার, বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা;
৩. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বহুল প্রচারের জন্য ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
৪. নোটিশ বোর্ড;
৫. অফিস কপি।